106

দৈনিক জনকণ্ঠ

তারিখ 28 MAY 1995
পৃষ্ঠা ১২ কলাম ৬

# এসএসসি পরীক্ষার গণিতের উত্তরপত্রসহ ৭ জন আটক

**কক্সবাজার, ২৭ মে (নিজস্ব সংবাদদাতা)।–** কক্সবাজার পুলিশ এক অভিযান চালিয়ে সদর থানার ভারোয়াখালি উচ্চ বিদ্যালয় থেকে কুমিল্লা বোর্ডের বিগত এসএসসি পরীক্ষার ৪৮টি পাটীগণিত ও বীজগণিতের উত্তরপত্র এবং ৫ এসএসসি পরীক্ষার্থিনীসহ ৭ জনকে আটক করেছে। আটককৃতদের একজন কুমিল্লা শিক্ষা বোর্ডের কর্মচারী। পুলিশ অবশ্য আটককৃত পরীক্ষার্থিনীদের জিজ্ঞাসাবাদের পর ছেড়ে দেয়।

পুলিশ জানায়, ভারোয়াখালি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক উক্ত পরীক্ষার্থীদের কাছ থেকে মোটা অঙ্কের টাকা নিয়ে বোর্ডের কতিপয় অসৎ কর্মচারীর সহায়তায় তার বিদ্যালয়ের ৫০ জন পরীক্ষার্থীর পাটীগণিত ও বীজগণিতের উত্তরপত্র কৌশলে নিয়ে আসে। শনিবার বিকালে বিদ্যালয় ভবনের দোতলায় গোপনে পরীক্ষার্থীদের মাধ্যমে উত্তরপত্রগুলো নতুন করে পূরণ করার সময় পুলিশ তাদের হাতেনাতে ধরে। বাকিরা পালিয়ে যেতে সক্ষম হলেও ৫ জন ছাত্রী ও অপর দু'জন ছাত্র ৪৮টি উত্তরপত্রসহ ধরা পড়ে।